গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।
www.nageshwari.kurigram.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং- ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৩- ৬০৬(৪০) তারিখ : ০৫ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ। / ১৯ জুন ২০২৩ খ্রিস্টাব্দ।

বিষয় : উপজেলা পরিষদ সভা অনুষ্ঠান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নাগেশ্বরী উপজেলা পরিষদের সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ২১ জুন ২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে জুন/২০২৩ মাসের উপজেলা পরিষদ সভা অনুষ্ঠিত হবে। আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বিবেচ্য সভায় উপস্থাপনযোগ্য কোন আলোচ্য বিষয় থাকলে সভা অনুষ্ঠানের পূর্বে তা লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

১৯।৬।২৩

(ফারজানা জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম
ফোন: ০৫৮২৬-৫৬২০৩
ফ্যাক্স: ০৫৮২৬-৫৬১৪৩।

.............................................................
.............................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৫, কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
২. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩. উপ-পরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৫. মেয়র, নাগেশ্বরী পৌরসভা, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৬. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৭. অফিস নথি।

উপজেলা পরিষদ জুন/২০২৩ সভায় সদস্যগণের উপস্থিতি (কর্মকর্তাবৃন্দ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

তারিখ-২১/০৬/২০২৩

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৭৪৪৩৪২৫৫ | |
| ২. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৯১৪৭১৬৯৯১ | |
| ৩. | উপজেলা কৃষি অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৬-৪৩৭৬৪৪ | |
| ৪. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১২-৭২৭৪৩৯<br>০১৭২৪০৮৬৮৬৫ | |
| ৫. | উপজেলা মৎস্য অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭২২-৪১০৫৮০ | |
| ৬. | উপজেলা শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৫-০৩৯৬৯৭ | |
| ৭. | উপজেলা সমাজ সেবা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭২৬-৮০৮৪৬৯<br>01722940783 | |
| ৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১২-০৩৫২১৫ | |
| ৯. | উপজেলা প্রকৌশলী, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭২২-০৬১১৯৫ | |
| ১০. | সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | ~~০১৭৪০-৬৯০৮২৪~~<br>01751-119073 | |
| ১১. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৯-৫৪৭৫৯২ | |
| ১২. | উপজেলা সমবায় অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৯-৫৪৭৭৮৮ | |
| ১৩. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৮-৯১০৫৬৬ | |
| ১৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭০০৭১৭১৬২ | |
| ১৫. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | ০১৭১৬৮৯০৩৬৭ | |
| ১৬. | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৬৯-৪০০১৭৯ | |
| ১৭. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ~~[illegible]~~<br>01716654170 | |
| ১৮. | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩৭৬৯৫৮৮৫ | |
| ১৯. | ফরেষ্টার, উপজেলা বন বিভাগ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৮-৬৭৩০৮৭ | |
| ২০. | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স,নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৪২-৭৩৭০২৭ | |
| ২১. | উপজেলা আনসার ভিডিপি অফিসার নাগেশ্বরী, কুড়িগ্রাম। | ০১৭১৪-৬৭৮৮৩৮ | |

উপজেলা পরিষদ মে/২০২৩ সভায় সদস্যগণের উপস্থিতি (কর্মকর্তাবৃন্দ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

তারিখ-২১/০৬/২০২৩

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২২. | সহকারী প্রকৌশলী, বিএমডিএ,নাগেশ্বরী, কুড়িগ্রাম। | ০১৭১৭-৬৭৮১৪৬ | |
| ২৩. | সহকারী প্রকৌশলী, বিএডিসি,নাগেশ্বরী, কুড়িগ্রাম। | ০১৭০৪-৩৬৬৮৮৪ | |
| ২৪. | মোঃ আতিকুল ইসলাম, ইউডিএফ, ইউজিডিপি | ০১৮৬৫৪১৪৫৯৩ | [signature] ২১/০৬/২৩ |
| ২৫. | উপজেলা পরিসংখ্যান অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | 01741-460411 | [signature] |
| ২৬. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | 01938-879076 | [signature] |
| ২৭. | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, নাগেশ্বরী | | |
| ২৮. | পঃপঃ কার্যালয় নাগেশ্বরী | 01710 593368 | [signature] |
| ২৯. | | | |
| ৩০. | | | |
| ৩১. | | | |
| ৩২. | | | |
| ৩৩. | | | |
| ৩৪. | | | |
| ৩৫. | | | |

উপজেলা পরিষদ জুন/২০২৩ মাসের সভায় সদস্যগণের উপস্থিতি (জনপ্রতিনিধিগণ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

সভার তারিখ-২২/০৬/২০২৩

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫,কুড়িগ্রাম-১ | | |
| ২. | মেয়র, নাগেশ্বরী পৌরসভা | ০১৭১৬-১০১৩২৬ | |
| ৩. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৮-১১৯০৬১ | |
| ৪. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩৫-২০২৬৬১ | |
| ৫. | চেয়ারম্যান, রামখানা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৭৪-৯২৪২৯০ | |
| ৬. | চেয়ারম্যান, রায়গঞ্জ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৪৩-৪৬৯৬৪৫ | |
| ৭. | চেয়ারম্যান, বামনডাঙ্গা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৮০৯১৩৩৩০ | |
| ৮. | চেয়ারম্যান, বেরুবাড়ী ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৪-৬৭৯২৬৮ | |
| ৯. | চেয়ারম্যান, সন্তোষপুর ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩০-৯২০৯৩৩ | |
| ১০. | চেয়ারম্যান, নেওয়াশী ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১২-৭৩০১০৫ | |
| ১১. | চেয়ারম্যান, হাসনাবাদ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৪-২৩০৬৭১ | |
| ১২. | চেয়ারম্যান, ভিতরবন্দ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৩-৭৭৩২০৮ | |
| ১৩. | চেয়ারম্যান, কালীগঞ্জ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৩-৮৯৭৫৯৮ | |
| ১৪. | চেয়ারম্যান, নুনখাওয়া ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৬-৩৬৯৭১৩ | |

## উপজেলা পরিষদ মে/২০২৩ মাসের সভায় সদস্যগণের উপস্থিতি (জনপ্রতিনিধিগণ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

সভার তারিখ-২২/০৬/২০২৩

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১৫. | চেয়ারম্যান, নারায়নপুর ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৪৬-২৯৫৫৭৬ | |
| ১৬. | চেয়ারম্যান, বল্লভেরখাস ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩০-৮৩৯৯২০ | |
| ১৭. | চেয়ারম্যান, কেদার ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৫১-৩৬৯৬৬৬ | |
| ১৮. | চেয়ারম্যান, কচাকাটা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭৩৪-৯৬৯০৬৪ | |
| ১৯. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ২০. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ২১. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ২২. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ২৩. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ২৪. | | | |
| ২৫. | | | |

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
নাগেশ্বরী কুড়িগ্রাম।

বিষয় : উপজেলা পরিষদের জুন/২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোস্তফা জামান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
তারিখ : ২১ জুন ২০২৩ খ্রিঃ।
সময় : সকাল ১১.০০ টা।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা 'পরিশিষ্ট ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রামকে অনুরোধ করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরনীতে কোন সংশোধনী না থাকায় উহা সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়। এরপর বিভিন্ন বিভাগীয় আলোচনা শুরু করা হয়।

আলোচনাঃ উপজেলা পর্যায়ে বিভিন্ন বিভাগের/দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। নাগেশ্বরী পৌরসভা | সভায় মেয়র নাগেশ্বরী পৌরসভা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তিনি হোল্ডিং ট্যাক্স আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি মাদকের বিরুদ্ধে সংশ্লিষ্ট সকলকে কঠোর হওয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ করেন। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | হোল্ডিং ট্যাক্স আদায়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, নাগেশ্বরী পৌরসভা। |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ। | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, করোনা ভাইরাসের ৩য় ও ৪র্থ ডোজ টিকা প্রদান কার্যক্রম চলমান আছে। যাদের করোনা টিকা গ্রহণের ৪মাস অতিক্রম করেছে তারা ৩য় ও ৪র্থ ডোজ টিকা গ্রহণ করতে পারবেন। বর্তমানে বিভিন্ন স্থানে ডেঙ্গুর প্রকোপ বেড়ে গেছে। নাগেশ্বরী উপজেলায় এখন পর্যন্ত ডেঙ্গু রোগী শনাক্ত করা যায় নি। ডেঙ্গু প্রতিরোধে সকলকে সচেতন হওয়ার পরামর্শ প্রদান করে বক্তব্য শেষ করেন। | করোনা ভাইরাসের ৩য় ও ৪র্থ ডোজ টিকা গ্রহণের জন্য ও ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিতে প্রয়োজনীয় প্রচার প্রচারনার ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>২। চেয়ারম্যান, সকল ইউপি |
| ৩। উপজেলা কৃষি বিভাগ। | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, রোপা আমন মৌসুমের জন্য ৪৫০ হেক্টর জমিতে বীজতলা কার্যক্রম চলমান আছে। বর্তমানে আমন মৌসুমে প্রণোদোনা কার্যক্রম শেষ পর্যায়ে। তিনি জানান, আগামী ২০, ২১ ও ২২ জুলাই ৩ দিন ব্যাপি কৃষি মেলা অনুষ্ঠিত হবে। এছাড়া তিনি জানান, বর্তমানে উপজেলা কৃষি অফিসের কোন গোডাউন ঘর না থাকায় গুরুত্বপূর্ণ মালামাল সংরক্ষণে সমস্যা সৃষ্টি হচ্ছে। তাই তিনি মালামাল পরিবহন ও বিতরণের সুবিধা বিবেচনায় উপজেলা পরিষদ চত্তরের বিআরডিবি অফিস সংলগ্ন পূর্ব পার্শ্বের ফাঁকা স্থানে গোডাউন ঘর নির্মাণের অনুরোধ করেন। তাই জরুরী ভিত্তিতে গোডাউন ঘর নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করেন। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ চত্তরের বিআরডিবি অফিস সংলগ্ন পূর্ব পার্শ্বের ফাঁকা স্থানে গোডাউন ঘর নির্মাণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী<br>৪। উপজেলা কৃষি অফিসার |
| ৪। উপজেলা মৎস্য বিভাগ। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, এপ্রিল, মে, জুন ও জুলাই দেশীয় মাছের প্রজনন সময়। এসময় নিষিদ্ধ চায়না দুয়ারী জাল, কারেন্ট জালসহ অন্যান্য নিষিদ্ধ জাল দিয়ে মাছ শিকার করার ফলে দেশীয় প্রজাতির মাছ বিলুপ্তির পথে। তাই দেশীয় প্রজাতির মাছ রক্ষায় নিয়মিত অভিযান পরিচালনা করে অপরাধীদের জেল জরিমানাসহ নিষিদ্ধ জাল ধ্বংস করা হচ্ছে। বিগত কয়েকদিনের অভিযান ও ভ্রাম্যমান আদালত পরিচালনা পূর্বক ২৯৪টি চায়না দুয়ারী জাল, ১০টি কারেন্ট জাল ও ২টি খড়া জাল ধ্বংস করা হয়েছে। জেলে নিবন্ধন কার্যক্রম চলমান আছে জানিয়ে তার বক্তব্য শেষ করেন। | নিষিদ্ধ চায়না দুয়ারী জাল, কারেন্ট জালসহ অন্যান্য নিধিদ্ধ জাল দিয়ে মাছ নিধন রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা মৎস্য কর্মকর্তা<br>৩। অফিসার ইনচার্জ<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল) |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে উপজেলার বিভিন্ন হাট-বাজারে কোরবানির পশুর হাটে মনিটরিং করা হচ্ছে। যাতে কোন রোগাক্রান্ত গবাদি পশু ক্রয়-বিক্রয় করতে না পারে। এছাড়া তিনি জানান, বর্তমানে লাম্পি স্কীন রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। এ রোগ প্রতিরোধে ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান আছে। কোন গবাদি পশুর শরীরে এ রোগ দেখা দিলে তাৎক্ষণিক উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সাথে যোগাযোগের অনুরোধ জানান।<br>উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, এবার ঈদে কোরবানির বর্জ্য যত্রতত্র ফেলে পরিবেশ নষ্ট না হয় এ বিষয়ে প্রতিটি কোরবানির হাটে গিয়ে জনসচেতনতা বৃদ্ধিতে প্রচার-প্রচারণা করার পরামর্শ প্রদান করেন। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে গবাদি পশুর হাট-বাজার সমূহে মনিটরিং জোরদার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৬। উপজেলা প্রকৌশল বিভাগ। | উপজেলা প্রকৌশলী জানান যে, নাগেশ্বরী উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচীর গৃহীত প্রকল্প অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম আগামী সপ্তাহের মধ্যে শেষ হবে। এছাড়া ৯টি ইউনিয়ন পরিষদ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজসহ বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম চলমান আছে। নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সমাপ্ত হবে মর্মে জানান। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | বার্ষিক উন্নয়ন কর্মসূচীর প্রকল্পসমূহ বাস্তবায়নে সার্বিক তদারকি ও কাজের গুণগত মান বজায় রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ৭। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান, তিনি জানান, অত্র উপজেলার ১২টি প্রাথমিক বিদ্যালয়ের ভবন মেরামতের জন্য বরাদ্দ পাওয়া গেছে। প্রাক্কলন মোতাবেক কাজ শুরু হয়েছে। কাজ সমাপ্তির পর বিল পরিশোধ করার লক্ষ্যে মেরামত বাবদ প্রাপ্ত অর্থ উত্তোলন করে রাখা যেতে পারে। তিনি আরও জানান বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মধ্যে ১০% শিক্ষার্থীদের মেধাবী শিক্ষার্থী বৃত্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।<br>অতঃপর তিনি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | প্রাথমিক বিদ্যালয়ের ভবন মেরামতের কাজ সার্বিক তদারকি ও কাজের গুণগত মান বজায় রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ৮। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, হাসনাবাদ, নেওয়াশী ও বেরুবাড়ী ইউনিয়ন মা ও শিশু স্বাস্থ্যকেন্দ্র মেরামতে কাজ চলমান আছে। সংশ্লিষ্ট কাজের গুণগত মান নিশ্চিতে সার্বিক তদারকির জন্য সভায় অনুরোধ করেন। এছাড়া তিনি জানান নারায়ণপুর ও নুনখাওয়া ইউনিয়ন মা ও শিশু স্বাস্থ্যকেন্দ্রে প্রয়োজনীয় আসবাবপত্র না থাকায় স্বাস্থ্যসেবা প্রদান কার্যক্রম ব্যহত হচ্ছে। তাই তিনি আসবাবপত্র সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কার্যক্রমের পাশাপাশি মা ও শিশু সহায়তা কার্যক্রমে সুবিধাভোগী যাচাই-বাছাইয়ের অংশ হিসেবে গর্ভবতী মা ও শিশুর তথ্য যাচাই-বাছাই পূর্বক তথ্য সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান এ উপজেলায় ১৮০০০ শিক্ষার্থী উপবৃত্তির আওতায় আছে কিন্তু মোবাইল ব্যাংকিং সংক্রান্ত তথ্য ভুল থাকায় ৫ শতাধিক শিক্ষার্থীর উপবৃত্তি টাকা ফেরত চলে যায়। ভুল সংশোধন প্রক্রিয়া অবগতকরণের জন্য উপবৃত্তি তথ্য এন্ট্রিকারী সংশ্লিষ্ট শিক্ষক ও প্রতিষ্ঠাণ প্রধানগণের সমন্বয়ে প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম প্রক্রিয়াধীন। এছাড়া তিনি জানান পার্শ্ববর্তী কয়েকেটি উপজেলার তুলনায় এ উপজেলার কম শিক্ষার্থী উপবৃত্তি পায় এ সংখ্যা ২৫০০০ হাজারে উন্নীত করার জন্য যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ ও সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রীর সংখ্যা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০। উপজেলা খাদ্য বিভাগ। | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, বোরো মৌসুমে সরাসরি কৃষকের এ্যাপে নিবন্ধিত কৃষকের নিকট হতে উৎপাদিত ধান ও সিদ্ধ চাল সংগ্রহ কার্যক্রম চলমান আছে। এ বছরের বরাদ্দ অনুযায়ী ধান ২০৬৮ মে.টন ও চাল ৫৩৫৭ মে.টন সংগ্রহ করা হচ্ছে। অতপর তার কোন বক্তব্য না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | ধান ও চাল সংগ্রহে যাতে কোন প্রকার অনিয়ম না হয় সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১১। উপজেলা | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ভিক্ষুক | ভিক্ষুক পুনর্বাসনের লক্ষ্যে যোগ্য | ১। চেয়ারম্যান, উপজেলা |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| সমাজসেবা বিভাগ। | পুনর্বাসনের লক্ষ্যে ১,৯০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। চলতি মাসে আবেদন গ্রহণ করা হবে এবং জুলাইয়ের ১ম সপ্তাহে সুবিধাভোগী যাচাই-বাছাই কার্যক্রম শুরু হবে। তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | সুবিধাভোগী যাচাই-বাছাই নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ভারত থেকে নেমে আসা পানিতে মুড়িয়াঘাট ও আনসার হাট এলাকার বাঁধ ভেঙ্গে আগাম বন্যা দেখা দিয়েছে। বাঁধটি মেরামতের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে অবগত করা হয়েছে। বন্যা কবলিত ক্ষতিগ্রস্থ পরিবারের মাঝে ত্রাণ বিতরণ করা হবে মর্মে জানান। অতঃপর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | জনদূর্ভোগ কমাতে জরুরী ভিত্তিতে বাঁধ মেরামত ও ত্রাণ সরবরাহ নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৩। উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। | সহকারী প্রোগ্রামার জানান, সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী বদলী ও নতুন কর্মকর্তা কর্মচারী যোগদান করেছেন কিন্তু ওয়েব পোর্টালে কর্মকর্তা কর্মচারীর তথ্য হালনাগাদ করা হয়নি। যেসকল দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ নাই তাদের হালনাগাদ করার জন্য অনুরোধ করেন এবং হালনাগাদের বিষয়ে প্রয়োজনীয় সহায়তা করার আশ্বাস প্রদান করেন। অতঃপর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা সহকারী প্রোগ্রামার সার্বিক সহযোগিতা করবেন। | ১। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৪। উপজেলা মহিলা বিষয়ক বিভাগ। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, মা ও শিশু সহায়তা কার্যক্রমের সুবিধাভোগীগণের মাঝে মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে অর্থ বিতরণ শুরু হয়েছে। অনেক ইউনিয়নে বরাদ্দের তুলনায় সুবিধাভোগীর সংখ্যা কম পাওয়া গেছে উপযুক্ত সুবিধাভোগী পাওয়া দ্রুত তালিকা জমাদানের অনুরোধ করেন। অতঃপর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | মা ও শিশু সহায়তা কার্যক্রমের সুবিধাভোগী নির্বাচনে স্বচ্ছতার সহিত সকল কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>২। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৫। উপজেলা যুব উন্নয়ন বিভাগ। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। যুবদের মাঝে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান আছে জানিয়ে বক্তব্য শেষ করেন। | ঋণ বিতরণ ও শতভাগ আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, নাগেশ্বরী পৌর এলাকায় ৩ কিলোমিটার ড্রেন নির্মাণ কার্যক্রম শেষ হয়েছে। ৫৩ কিলোমিটার সুপেয় পানির লাইন নির্মাণ করা হয়েছে এবং ৫১০টি বাড়িতে পানির সংযোগ প্রদান করা হয়েছে। পানির লাইনের সংযোগ ফি ২০০ টাকা নির্ধারণ করা হয়েছে। পৌর এলাকায় কেউ পানির সংযোগ নিতে চাইলে অফিসে যোগাযোগ করলে সংযোগ প্রদান করা হবে। ৩৫টি গভীর নলকূপের প্লাটফর্ম নির্মাণ কাজ শেষ হয়েছে সুবিধাভোগী পর্যায়ে সংযোগ কিছু দিনের মধ্যে প্রদান করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। |
| ১৭। কুড়িগ্রাম লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী জোনাল অফিস। | ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি জানান বর্তমানে অতিরিক্ত তাপদাহ ও জ্বালানী সংকট জনিত কারণে বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি মোকাবেলায় সকলকে বিদ্যুৎ সাশ্রয়ে আন্তরিক হওয়ার অনুরোধ জানান। বকেয়া আদায়ের লক্ষ্যে সংযোগ বিচ্ছিন্ন করা হচ্ছে। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ডি,জি,এম কুড়িলা পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী যোনাল অফিস।<br>২। দপ্তর প্রধান (সকল)<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৮। উপজেলা সমবায় বিভাগ। | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, অত্র উপজেলার আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীগণের মধ্যে সমবায় সমিতি নিবন্ধন কার্যক্রম চলমান আছে। আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৯। উপজেলা নির্বাচন বিভাগ। | উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, আগামী জাতীয় | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ | উপজেলা নির্বাচন অফিসার |

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | সংসদ নির্বাচন উপলক্ষে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ চলছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে তার বক্তব্য শেষ করেন। | গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২০। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বর্তমানে তার দপ্তরের ভবন মেরামতের কাজ শেষ পর্যায়ে। এছাড়া মাঠ পর্যায়ে ঋণ প্রদান ও খেলাপি ঋণ আদায় কার্যক্রম চলমান আছে মর্মে জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | বকেয়া ঋণ আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২১। উপজেলা বন বিভাগ। | উপজেলা বন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তার কোন বক্তব্য না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ২২। উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২৩। উপজেলা বিএমডিএ বিভাগ। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (বিএমডিএ) এ উপজেলায় গিরাই নদীতে ৭ কিলোমিটার খাল খননেন কাজ চলমান রয়েছে। বর্ণিত খালে অবৈধ দখলদার উচ্ছেদে সার্ভেয়ারের মাধ্যমে মাপযোগ পূর্বক দখলকৃত জায়গা উদ্ধার কার্যক্রম চলমান। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | সরকারি জমি উদ্ধারে সর্বাত্মক সহযোগিতা করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ২৪। উপজেলা বিএডিসি বিভাগ। | উপজেলা বিএডিসি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বিএডিসি কর্মকর্তা |
| ২৫। ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স বিভাগ। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স জানান যে, সমগ্র বাংলাদেশের ন্যায় নাগেশ্বরী ফায়ার সার্ভিস স্টেশনে জন্য ০১৯১০২৩৩৪৩ নম্বর প্রদান করা হয়েছে। এই নম্বরটিই স্থায়ীভাবে বহাল থাকবে। বর্ণিত নম্বরটি সর্বত্র প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করেন। | ০১৯১০২৩৩৪৩ নম্বরটি জনসাধারণের নিকট প্রচারের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সরকারি দপ্তর প্রধান (সকল)<br>২। ইউপি চেয়ারম্যান (সকল)<br>৩। উপজেলা স্টেশন অফিসার |
| ২৬। উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে জনশুমারীতে ব্যবহৃত ট্যাবসমূহ মাধ্যমিক পর্যায়ে সকল প্রতিষ্ঠানের মেধাবী শিক্ষার্থীদের মাঝে ৬০৬টি ট্যাব বিতরণ করা হচ্ছে। শিক্ষার্থীদের বিতরণকৃত ট্যাবসমূহ নিরাপদ ও নৈতিক ব্যবহার নিশ্চিতে অভিভাবক ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে বক্তব্য শেষ করেন। | মাননীয় প্রধানমন্ত্রীর উপহার হিসেবে জনশুমারীতে ব্যবহৃত ট্যাব বিতরণে শিক্ষার্থী সঠিকভাবে যাচাই ও সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, নাগেশ্বরী কুড়িগ্রাম। |
| ২৭। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, মাঠ পর্যায়ে ঋণ প্রদান ও আদায় কার্যক্রম চলমান আছে। অতপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |

### উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের মে/২০২৩ মাসের ব্যয় বিবরনীঃ

| ক্র:নং | তারিখ | বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|---|
| ১. | ০২/০৫/২৩ | উপজেলা পরিষদ চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যানের এপ্রিল/২৩ মাসের বাড়ীভাড়া ও সম্মানী প্রদান বাবদ | ৯৯০০০ |
| ২. | ০২/০৫/২৩ | উপজেলা পরিষদের এপ্রিল/২৩ মাসের আনুসঙ্গিক বিল প্রদান (ভ্যাটসহ) | ৫০০০ |
| ৩. | ০২/০৫/২৩ | উপজেলা পরিষদের এপ্রিল/২৩ মাসের আপ্যায়ন বিল প্রদান (ভ্যাটসহ) | ৩০০০০ |
| ৪. | ০২/০৫/২৩ | মোছাঃ লায়লা বেগম, স্বামী- সাইফুর রহমান, মমিনগঞ্জ, নাগেশ্বরী, কুড়িগ্রামকে আর্থিক সহায়তা প্রদান | ৪০০০ |
| ৫. | ০২/০৫/২৩ | মোঃ আব্দুল হাকিম, সভাপতি, পশ্চিম রামখানা মন্ডলটারী জামে মসজিদ উন্নয়ন বাবদ সহায়তা প্রদান | ২০০০০ |
| ৬. | ০২/০৫/২৩ | মোঃ আশিক মিয়া, শিক্ষার্থী, কবি নজরুল ইসলাম সরকারি কলেজ শিক্ষা সহায়তা প্রদান | ৫০০০ |
| ৭. | ০২/০৫/২৩ | উপজেলা পরিষদের জীপ গাড়ী মেইনটেন্যান্স বিল প্রদান (ভ্যাট ও আয়করসহ) | ২৪৯৯০ |
| ৮. | ০৩/০৩/২৩ | উপজেলা পরিষদের এক জন মজুরী ভিত্তিক কর্মচারীর (মালী) এপ্রিল/২৩, মাসের মজুরী বিল প্রদান | ১৫৯৫০ |
| ৯. | ০৩/০৫/২৩ | উপজেলা পরিষদের এক জন মজুরী ভিত্তিক কর্মচারীর (পরিচ্ছন্নতা কর্মী) এপ্রিল/২৩, মাসের মজুরী বিল প্রদান | ১৫৯৫০ |
| ১০. | ১৬/০৫/২৩ | মোছাঃ আফরোজা বেগম, স্বামী- মোহাম্মদ আলী, কুটি পয়ড়াডাঙ্গা, নাগেশ্বরী, কুড়িগ্রামকে চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা প্রদান | ৫০০০ |

| ক্র:নং | তারিখ | বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|---|
| ১১. | ১৬/০৫/২৩ | সম্পাদক, দৈনিক ভোরের পাতা, ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর গৃহীত প্রকল্পের বিজ্ঞাপন বিল প্রদান (ভ্যাটসহ) | ২৪৮৪০ |
| ১২. | ১৬/০৫/২৩ | সম্পাদক, দৈনিক করতোয়া, ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীর গৃহীত প্রকল্পের বিজ্ঞাপন বিল প্রদান (ভ্যাটসহ) | ১৫১৮০ |
| ১৩. | ৩১/০৫/২৩ | মোঃ হাছেন আলী, পিতা- আব্দুল মজিদ, রাঙ্গালীরবস, রায়গঞ্জ, নাগেশ্বরীকে চিকিৎসা বাবদ আর্থিক সহায়তা প্রদান | ৫০০০ |
| | | (কথায়ঃ দুই লক্ষ উনসত্তর হাজার নয়শত দশ) মোট= | ২৬৯৯১০ |

উপজেলা পরিষদের রাজস্ব খাত হতে উপরোল্লিখিত সম্মানী ভাতা, মজুরী, অনুদান/সাহায্য ও অন্যান্য বাবদ ২,৬৯,৯১০/- (দুই লক্ষ উনসত্তর হাজার নয়শত দশ) টাকার ব্যয় সকলের সম্মতিক্রমে অনুমোদন করা হলো। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোস্তফা জামান)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম।
www.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৩- ৬১৮(৬০)

তারিখ : ০৭ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ।
২১ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৫, কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম।
৭. চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৮. উপজেলা ........................................অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৯. চেয়ারম্যান, ........................................ইউপি (সকল), নাগেশ্বরী, কুড়িগ্রাম।
১০. জনাব ........................................ নাগেশ্বরী, কুড়িগ্রাম।
১১. অফিস কপি।

(ফারজানা জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম।